# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**27 MARCH 2026 7:45—7:55**

---

১) আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য বিভিন্ন রাজনৈতিক দলের নির্বাচনী প্রচার আরো তীব্র । শিলচর ও বড়খলা বিধানসভা আসনে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের প্রচারে অংশ গ্রহণ ।

২) নির্বাচন আবাধ , সুষ্ঠ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে বরাক উপত্যকার তিন জেলা প্রশাসনের চূড়ান্ত প্রস্তুতি অব্যাহত ।

৩) কেন্দ্রীয় সরকারের জ্বালানীর ওপর আবগারী শুল্ক হ্রাস করার সিদ্ধান্ত ।

এবং

৪) ছত্তিশগড়ে অনুষ্ঠিত জনজাতীয় ক্রীড়া সমারোহের ভারোত্তোলনে আসামের মনোরঞ্জন ঢেকিয়ালের স্বর্ণ পদক লাভ ।

--------------------------------------------------------------------------------

আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায়ও বিভিন্ন রাজনৈতিক দলের প্রচার আজ আরো তীব্র হয়ে ওঠেছে । এই নির্বাচনের জন্য আর মাত্র ১২ দিন বাকি থাকা অবস্থায় রাজনৈতিক দল এবং প্রতিদ্বন্দি প্রার্থীদের মধ্যে তৎপরতা আরো বৃদ্ধি পেয়েছে । দলের প্রবীন নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগামীকাল এবং আগামী রবিবার রাজ্যের বিভিন্ন নির্ধারিত স্থানে প্রচারাভিযানে অংশ গ্রহণ করবেন । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ বিহুপুরিয়া , রঙ্গানদী , ঢকুয়াখানা এবং নাওবৈচা বিধানসভা আসনের দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচার চালান । তিনি আজ লক্ষীমপুরে একটি রোড-শ্বতেও অংশ গ্রহণ করেন ।

এদিকে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ কাছাড় জেলার শিলচর এবং বড়খলা বিধানসভা আসনের দলীয় প্রার্থীদের সমর্থনে নির্বাচনী প্রচারাভিযানে অংশ গ্রহণ করেন । শিলচর স্পোর্টিং ফিল্ড এবং বড়খলার ডলু চা-বাগানে অনুষ্ঠিত বিজয় সংকল্প সমাবেশে ভাষণ দিয়ে শ্রী সনোয়াল এই দুই আসনে বি জে পি প্রার্থীদের পক্ষে প্রচার চালান । প্রসঙ্গত তিনি বলেন যে ভারতের সার্বিক উন্নয়নের সমগ্র আসাম আর্থাৎ বরাক উপত্যকা এবং ব্রহ্মপুত্র উপত্যকার সম উন্নয়ন প্রয়োজন ।

বাইট----

হাইলাকান্দি জেলার দুটি বিধানসভা আসনে এবার মোট ২৭ জন প্রার্থী নির্বাচনে অবতীর্ণ হয়েছেন । এর মধ্যে হাইলাকান্দি আসনে ১২ জন এবং আলগাপুর - কাটলিছড়া বিধানসভা আসনে ১৫ জন প্রার্থী রয়েছেন । হাইলাকান্দি আসনের বি জে পি প্রার্থী মিলন দাস আজ কাটলিছড়া মন্ডলের অধীন হরিশ নগর , নিষ্কর , মনিপুর ইত্যাদি গ্রামে প্রচার অভিযান চালান । অন্যদিকে , এই আসনের কংগ্রেস প্রার্থী রাহুল রায় আজ হাইলাকান্দি পূরসভা এলাকার বিভিন্ন স্থানে প্রচার চালান । আলগাপুর-কাটলিছড়া আসনের অ গ প মনোনীত প্রার্থী জাকির হুসেন লস্কর আজ মিজোরাম সীমান্তবর্তী ঝালনাছড়া এলাকার প্রাচার কার্যে অংশ গ্রহন করেন । এই আসনের কংগ্রেস প্রার্থী জুবাইর এনাম আজ আলগাপুরে প্রাচার চালান ।

কংগ্রেস এবং বিরোধী মিত্র দল গুলির সঙ্গে নির্দলীয় প্রার্থীরাও আজ রাজ্যের বিভিন্ন প্রান্তে প্রচারকার্যে অংশ গ্রহণ করেছেন । কংগ্রেসের সর্বভারতীয় সভাপতি মল্লিকার্জ্জুন খার্গে আগামী রবিবার লক্ষিমপুরে দলীয় প্রার্থীর পক্ষে প্রচার কার্যে অংশ গ্রহণ করবেন । প্রদেশ কংগ্রেস সভাপতি তথা সাংসদ গৌরব গগৈ আজ মহামারা বিধানসভা আসনের বিরোধী ঐক্যের প্রার্থী জ্ঞানদ্বীপ মোহনের পক্ষে নির্বাচনী প্রচারে অংশ গ্রহণ করেন ।

উল্লেখ্য যে বি জে পির প্রবীন নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১ , ৫ এবং ৬ এপ্রিল আসামে নির্বাচনী প্রচারে অংশ গ্রহণ করবেন । দলের জাতীয় সভাপতি নীতিন নবীন ২৯ এবং ৩০ মার্চ নির্বাচনী প্রচার চালাতে আসম আসবেন

এদিকে কংগ্রেস সূত্রে জানানো হয়েছে যে দলের নেতা রাহুল গান্ধী , প্রিয়াঙ্কা গান্ধী ভদ্রা , জয়রাম রমেশ , শচীন পাইলট , ভূপেশ বাঘেলা প্রমুখ তারকা প্রচারক আসামে নির্বানী প্রচারে অংশ গ্রহণ করবেন । আম আদমী পার্টীর নেতা আরবিন্দ কেজরিয়াল , মনীষ সিসোদিয়া , ভগবন্ত সিং মান আতিশী সহ প্রায় ৪০ জন দলীয় প্রার্থীদের পক্ষে প্রাচারাভিযানে অংশ নিতে আসম আসছেন ।

আগামী ৯ এপ্রিল অনুষ্ঠেয় রাজ্য বিধানসভা নির্বাচনের জন্য মনোনয়ন পত্র প্রত্যাহার করার শেষ দিন গতকাল সমাপ্ত হয়েছে । গতকাল মনোনয়নপত্র প্রতাহারের পর সমগ্র রাজ্যে ৭শো ২২ জন প্রার্থী নির্বাচনী প্রতিদ্বন্দিতায় থাকার বিষয়টি নিশ্চিত হয়েছে । বরাক উপত্যকার ১৩টি আসনে গতকাল মোট ১১ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র প্রত্যাহার করেছেন ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলায় আজ ভোটকর্মীদের দ্বিতীয় পর্যায়ের প্রশিক্ষণ পর্ব শুরু হয়েছে । আজ কাছাড় কলেজ এবং সরকারী বালক উচ্চতর বিদ্যালয়ে সকাল ১০ থেকে দুপুর ১টা এবং বেলা ২টো থেকে ৫টা পর্যন্ত প্রায় ৯০ জন প্রশিক্ষক প্রিসাইডিং অফিসার এবং ফার্ষ্ঠ পোলিং অফিসারদের প্রশিক্ষণ প্রদান করেন । আগামী রবিবার দুটি পর্যায়ে পুনরায় ভোট কর্মীদের প্রশিক্ষণ প্রদান করা হবে । পরবর্তীতে আগামী পয়লা এপ্রিল থেকে তৃতীয় তথা চূড়ান্ত পর্যায়ের প্রশিক্ষণ প্রদান করা হবে । এবারের প্রশিক্ষণের সময় প্রশিক্ষকরা বিশেষ করে ই সি আই নেট অ্যাপ ব্যবহারের ওপর বিশেষ ভাবে গুরুত্ব প্রদান করছেন ।
নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে বরাক উপত্যকার তিন জেলা প্রশাসনের চূড়ান্ত প্রস্তুতি অব্যাহত রয়েছে।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমির জেলা আয়ুক্ত এক আদেশে জানিয়েছেন যে জেলার ভোট গ্রহণের কাজে নিয়োজিত দ্বিতীয় ও তৃতীয় পোলিং আধিকারীকদের গ্রুপ পর্যায়ের প্রশিক্ষণ আগামী তেসোরা ও চৌঠা এপ্রিল রবীন্দ্রসদন মহিলা কলেজে অনুষ্ঠিত হবে । এই প্রশিক্ষণ সকাল ১০ টা থেকে দুপুর একটা এবং দুপুর ১ টা ৩০ মিনিট থেকে বিকেল সাড়ে চারটে পর্যন্ত দুটো শিফটে অনুষ্ঠিত হবে । উল্লেখ্য আগামীকাল ও আগামী রবিবার অনুষ্ঠেয় ভোটকর্মীদের দ্বিতীয় প্রশিক্ষণে দ্বিতীয় ও তৃতীয় পোলিং অফিসারদের উপস্থিত থাকতে হবেনা বলে আদেশে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

এদিকে জেলায় আদর্শ আচরণবিধি লঙ্ঘনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে শ্রীভূমি জেলা প্রশাসনের পক্ষ থেকে জনসাধারণকে যেকোন নির্বাচনী অনিয়ম অথবা আদর্শ আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ সরাসরি ০৩৮৪৩-১৯৫০ নম্বরে ফোন করে জানাতে বলা হয়েছে । এছাড়া জনসাধারণ তাদের স্মার্টফোনে সি-ভিজিল এ্যপ ব্যবহার করে যেকোন নির্বাচনী কারচুপি বা নিয়ম বর্হিভুত কাজের ছবি বা ভিডিও তুলে সরসরি

অভিযোগ জমা দিতে পারবেন বলে জানানো হয়েছে ।অবাধ সুষ্ঠু ও স্বচ্ছ নির্বাচন প্রক্রিয়া নিশ্চিত করতে নির্বাচন কমিশন এই ব্যবস্থা গ্রহণ করেছে ।

-----------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলায় ভোটার সচেতনতা বৃদ্ধি করতে এবং ভোটদানের হার বৃদ্ধি করতে হাফলং-এ জেলা আয়ুক্তের কার্যলয়ে ফটো বুথ কেন্দ্র স্থাপন করা হয়েছে । জেলা আয়ুক্ত তথা জেলা নির্বাচনী আধিকারীক গায়েত্রী দেবীদাস এই ফটো বুথ কেন্দ্রের উদ্বোধন করে আসন্ন বিধানসভা নির্বাচনে জনগনকে ভোটাধিকার প্রয়োগ করার আহ্বান জানিয়েছেন । জেলা আয়ুক্ত আগামী ৯ই এপ্রিল জেলাজুড়ে সর্বোচ্চ ভোটাধিকার প্রয়োগ করতে অনুরোধ জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------

পশ্চিম এশিয়ার সংঘাতের পরিপ্রেক্ষিতে সমগ্র বিশ্বে জ্বালানীর সরবরাহ হ্রাস তথা আন্তর্জাতিক বাজারে মূল্য বৃদ্ধির পরিস্থিতিতে কেন্দ্রীয় সরকার জ্বালানীর ওপর আবগারী শুল্ক হ্রাস করার সিদ্ধান্ত গ্রহণ করেছে । কেন্দ্রীয় সরকার পেট্রল এবং ডিজেলের আবগারী শুল্ক প্রতি লিটারে ১০ টাকা করে হ্রাস করেছে । এর ফলে প্রতি লিটার পেট্রলের শুল্ক হ্রাস পেয়ে পূর্বের ১৩ টাকা থেকে ৩ টাকা হয়েছে এবং ডিজেলের আবগারী শূল্ক শূণ্য হয়েছে । কেন্দ্রীয় মন্ত্রী কীরেণ রিজিজু এই সিদ্ধান্তকে ইতিবাচক পদক্ষেপ বলে অভিহিত করে বলেন ---------

বাইট

উল্লেখ্য পশ্চিম এশিয়ার যুদ্ধ পরিস্থিতির পরিপ্রেক্ষিতে দেশে উদ্ভুত জ্বালানী তেল এবং রান্নার গ্যাসের সংকট সম্পর্কে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাজ্য সমুহের মুখ্যমন্ত্রীদের সঙ্গে ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে এক বৈঠকে মিলিত হবেন । বৈঠকে এই পরিস্থিতিতে রাজ্য সমুহের প্রস্তুতি এবং পরিকল্পনা সম্পর্কে আলোচনা অনুষ্ঠিত হবে সরকারী সূত্রে জানানো হয়েছে যে এই বৈঠকে টিম ইন্ডিয়া হিসেবে সহযোগিতার মাধ্যমে কাজ করে যাওয়ার ওপর গুরুত্ব আরোপ করা হবে । তবে আসাম সহ নির্বাচন অনুষ্ঠেয় পাঁচটি রাজ্যের মুখ্যমন্ত্রীরা নির্বাচনী আচরণবিধি জারি থাকার জন্য বৈঠকে যোগ দিতে পারবেন না ।এই পাঁচটি রাজ্যের মুখ্য সচিবরা বৈঠকে প্রতিনিধিত্ব করবেন ।

-----------------------------------------------------------------------------------

ছত্তিশগড়ের রায়পুরে অনুষ্ঠিত জনজাতীয় ক্রীড়া সমারোহের ভারত্তোলনে আজ আসামের মনোরঞ্জন ঢেকিয়ালে সোনার পদক অর্জন করেন। প্রতিযোগিতার ৬৫ কিলোগ্রাম শাখায় মনোরঞ্জন এই সফলতা অর্জন করেন।

---------------------------------------------------------------------------------------
ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ দেশের বিভিন্ন প্রান্তে রাম নবমী উৎসব পালন করা হয়েছে । রামনবমী উপলক্ষে আজ অযোধ্যার শ্রীরাম জন্মভূমি মন্দিরে সূর্যস্নান সম্পন্ন হয়েছে । বিপুল সংখ্যক পূণ্যার্থী আজ সরযূ নদীতে স্নান করে ভগবান রামের দর্শন করেছেন ।চিত্রকূটের মন্দাকিনী নদীতে রামনবমী উপলক্ষে আজ সন্ধ্যায় ২২ লক্ষ প্রদীপ প্রজ্জ্বলন করা হয়েছে ।
এদিকে বরাক উপত্যকার তিন জেলায়ও আজ রাম নবমী উপলক্ষে মন্দির , বাসগৃহ ইত্যাদিতে বিশেষ পূজো অনুষ্ঠিত হয়েছে ।
---------------------------------------------------------------------------------------
হাইলাকান্দি জেলার জানকিবাজারে আজ উত্তেজিত জনতা সড়ক অবরোধ করলে প্রায় এক ঘন্টা জাতীয় সড়ক বন্ধ হয়ে পড়ে । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে গত ২৪শে মার্চ এক সড়ক দূর্ঘটনায় প্রজেশ চন্দ্র মালাকার নামের এক ব্যাক্তি আহত হয়েছিলেন । আহত ব্যাক্তি কয়েকদিন হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ার পর গতকাল শেষ নি:শ্বাস ত্যাগ করেন । আজ মৃতদেহ জানকিবাজারে পৌছালে গোটা এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে । শেষ পাওয়া সংবাদে আমাদের হাইলাকান্দির প্রতিনিধি জানিয়েছেন যে প্রশাসনের চেষ্টায় অবরোধ প্রত্যাহার করা হয়েছে ।
---------------------------------------------------------------------------------------